দৈনিক বাংলা

তারিখ ... ৩১.৮.৯১ ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ৭ ...

31 AUG 1991

16

# ডাঃ রাব্বি হলে ছাত্রদের দুর্ভোগ

।। মেডিক্যাল রিপোর্টার ।।

ঢাকা মেডিক্যাল কলেজের ডাঃ ফজলে রাব্বি হলে সুপারের পদটি দীর্ঘদিন যাবৎ শূন্য রয়েছে। হলের প্রায় সাড়ে ৭ শত ছাত্র তাদের বিভিন্ন অভিযোগ এবং সমস্যা নিয়ে এখন অনিশ্চয়তায় দিন কাটাচ্ছে। সহকারী সুপার কিছু কিছু সমস্যা সমাধানের চেষ্টা করলেও অনেক ব্যাপারেই তিনি অক্ষমতা প্রকাশ করছেন। তাছাড়া উর্ধ্বতন কর্তৃপক্ষের সহায়তা ছাড়া তার পক্ষে কোন পদক্ষেপ নেয়া সম্ভব হচ্ছেনা।

উল্লেখ্য, গত ২৭শে ফেব্রুয়ারী প্রাক্তন সুপার ডাঃ আবদুস সালামের অবসর গ্রহণের পর থেকেই এই শূন্য পদরয়েছে।

হলের সহকারী সুপার ডাঃ প্রণব কান্তি চক্রবর্তী জানান, বর্তমানে হলে সিট সমস্যা প্রকট আকার ধারণ করেছে। হলের মোট বরাদ্দকৃত রুমের সংখ্যা ২২২টি। পূর্বের নিয়ম অনুযায়ী প্রতিরুম ৩ জনকে বরাদ্দ দেয়া হতো। সে হিসাবে বরাদ্দকৃত সিটের সংখ্যা ছিল ৬৬৬টি। কিন্তু সাম্প্রতিককালে সেশন জটের কারণে মেডিক্যাল কলেজে ৫টি শিক্ষা বর্ষের স্থলে ৭টি শিক্ষা বর্ষ চলছে। ফলে প্রায় সাড়ে ৭ শতেরও বেশী ছাত্র এখন হলে অবস্থান করছে। প্রধান ভবনের কিছু কিছু কক্ষ তিনজনের স্থলে ৪ জনকে বরাদ্দ দেয়া হলেও প্রয়োজনীয় সংখ্যক চৌকি, চেয়ার টেবিল সরবরাহ হয়নি। এছাড়া সহকারী সুপারের বাসায় কোন টেলিফোন না থাকায় জরুরী অবস্থায় বা রাত্রে কোন জরুরী মুহূর্তে প্রিন্সি-পাল বা উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করতে তাকে কয়েন বক্সে যেতেহয়।

ছাত্রদের অভিযোগ, তাদের হলে কোন গেষ্ট রুম নেই। এমনকি টেলিফোন রিসিভিং-এর ব্যবস্থা না থাকায় প্রয়োজনীয় মুহূর্তে বাইরে থেকে কেউ তাদের সাথে যোগাযোগ করতে পারে না। হলের একমাত্র কয়েন বক্সটিও প্রায় সময়ই অকেজো থাকে। সবচেয়ে গুরুতর অভিযোগ পাওয়া গেছে সম্প্রতি হলের একটি লোহার গেট ৫৬ হাজার টাকা ব্যয় করে বনানো নিয়ে। গেটটির নির্মাণ ত্রুটিপূর্ণ হওয়ায় এটি খোলা যাচ্ছে না।